গাংনীতে বিদেশি পিস্তল ও গুলিসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে যৌথবাহিনীর হাতে বিদেশি পিস্তল ও গুলিসহ একজন আটক হয়েছে।

আটককৃত গোলাম মোস্তফা ডাকু গাংনী পৌরসভার ৫নং ওয়ার্ড চৌগাছা গ্রামের (ভিটাপাড়া এলাকার) মৃত আজিজুল হকের ছেলে। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, তিন রাউন্ড গুলি ও দুটি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

গতকাল রবিবার ভোর সাড়ে চারটার সময় র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানির একটি অভিযানিক দল গাংনী সেনাবাহিনীর সহায়তায় তার নিজ বাড়িতে যৌথ অভিযান চালিয়ে তাকে আটক করে।

গতকাল রবিবার সকাল ৯টার সময় র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানি কমান্ডারের কার্যালয়, ক্রাইম প্রিভেনশন কোম্পানি-৩ থেকে পাঠানো প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২ ক্রাইম প্রিভেনশন কোম্পানি-৩ এর কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান জানান, আসামির বিরুদ্ধে বিভিন্ন থানায় অস্ত্র, বিস্ফোরক দ্রব্য ও মাদক মামলাসহ একাধিক মামলা রয়েছে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে ১৮৭৮ সালের অস্ত্র আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় ডাকাতির প্রস্তুতিকালে পাঁচ জন ডাকাত গ্রেফতার

আলমডাঙ্গায় ডাকাতির প্রস্তুতিকালে অস্ত্র ও সরঞ্জামসহ পাঁচজন কে গ্রেফতার করেছে আলমডাঙ্গা থানা পুলিশ। পুলিশের অভিযানে ফাঁদে ধরা পড়ে সংঘবদ্ধ ডাকাত চক্র।

এ সময় দেশীয় অস্ত্র, লোহার রড, দড়ি ও ডাকাতির কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল বৃহস্পতিবার ভোর সাড়ে ৩টার দিকে আলমডাঙ্গা থানাধীন রুয়াকুলি গ্রামের বদরগঞ্জ মাঠ এলাকার চুয়াডাঙ্গা–আলমডাঙ্গা সড়কের পাশে কাঠালবাগানে ডাকাতদল সমবেত হয়। গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ সেখানে বিশেষ অভিযান চালায়। অভিযানে পাঁচজনকে গ্রেফতার করা হয়, তবে আরও কয়েকজন সহযোগী দৌড়ে পালিয়ে যায়।

গ্রেফতারকৃতরা হলেন—সাহেবনগর ক্যানালপাড়া গ্রামের পলান প্রামানিকের ছেলে ছমির উদ্দিন (৪০), ঝুটিয়াডাঙ্গা গ্রামের মৃত রুস্তম আলীর ছেলে ছহির উদ্দিন ওরফে সৈরুদ্দিন (৪৫), মোহাম্মদপুর পূর্বপাড়া গ্রামের মৃত ফরমান আলীর ছেলে মুজিবর রহমান (৩৩), ঝুটিয়াডাঙ্গা গ্রামের মৃত আব্দাল হকের ছেলে নাজমুল ইসলাম (৩৫) এবং কচুবাড়ীয়া (আমলা) গ্রামের মৃত ওমর আলীর ছেলে আরিফ হোসেন (৩৮)।

অভিযানে একটি চাপাতি, একটি দাও, দুটি লোহার রড, একটি সাবল, একটি ছোরা, এক গোছা লাইলনের দড়ি, একটি ব্যাটারি চালিত পুরাতন পাখি ভ্যান (মূল্য আনুমানিক ৪৫ হাজার টাকা) ও চারটি সিম্ফনি মোবাইল ফোন জব্দ করা হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাসুদুর রহমান পিপিএম বলেন, “আমরা এলাকায় শান্তি-শৃঙ্খলা নষ্টকারী ও অপরাধীদের বিরুদ্ধে কঠোর অবস্থানে রয়েছি। কেউ যদি ডাকাতির প্রস্তুতি নেয় বা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত হয়, তাকে আইনের আওতায় আনা হবে। জননিরাপত্তা নিশ্চিত করতে আলমডাঙ্গা থানা পুলিশ সর্বদা তৎপর

রয়েছে।”

গাংনীতে পুলিশের অভিযানে একজন নারীসহ গ্রেফতার ৫

মেহেরপুরের গাংনীতে পুলিশের ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে একজন নারীসহ ৫ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল শুক্রবার রাত থেকে আজ শনিবার ভোর পর্যন্ত গাংনী থানা পুলিশ এ অভিযান পরিচালনা তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার যুগিন্দা গ্রামের লিটনের ছেলে মোঃ মুন্না (২০), আঃ মজিদের ছেলে মোঃ মিনজারুল ইসলাম (৩৫), অলিনগর গ্রামের মোঃ সুলতান মাহমুদের ছেলে মোঃ আবুল কালাম আজাদ (৩৯), চিৎলা মধ্যপাড়ার হোচেন আলীর ছেলে মোঃ হাসমত আলী (৩০) ও দিঘলকান্দী গ্রামের মৃতঃ ফোরকান আলীর মেয়ে মোছাঃ নাজেরা বেগম (৩৭)।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের গ্রেফতার করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

আলমডাঙ্গায় ভিক্ষুকের টাকা চুরির এক ঘণ্টার মধ্যে উদ্ধার,

দুই চোর গ্রেফতার

আলমডাঙ্গায় ভিক্ষুকের জমানো টাকা চুরির ঘটনায় থানায় অভিযোগ দায়েরের মাত্র এক ঘণ্টার মধ্যে চুরি হওয়া টাকা উদ্ধারসহ দুই চোরকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার দিবাগত রাত ১টা ৩০ মিনিটে আলমডাঙ্গার মুন্সিগঞ্জ বাজারের মদনবাবুর মোড় এলাকায় অভিযান চালিয়ে এ টাকা উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন আলমডাঙ্গা উপজেলার জেহালা গ্রামের দলিরুর রহমানের ছেলে রাশেদুল ইসলাম রঞ্জু (৩৮) এবং মৃত খলিল হোসেনের ছেলে ভোলা হোসেন (৩৫)। পুলিশ জানায়, তারা প্রাথমিক জিজ্ঞাসাবাদে ঘটনার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছে।

পুলিশ সূত্রে জানা গেছে, জেহালা গ্রামের মোছাঃ জোসনা খাতুন
(৬৮) নামের এক বৃদ্ধা ভিক্ষুক তার প্রতিবন্ধী ছেলে মোবারককে নিয়ে মানবেতর জীবনযাপন করেন। ভিক্ষার টাকাই ছিল তাদের একমাত্র ভরসা। গত ১৭ আগস্ট রাত ৮টার দিকে রাতের খাবার শেষে তিনি ও তার ছেলে বাজারে পান খেতে যান। এ সুযোগে দুর্বৃত্তরা ঘরের তালা ভেঙে টিনের বাক্সে রাখা তার জমানো ৫০ হাজার টাকা চুরি করে নিয়ে যায়।

অনেক খোঁজাখুঁজির পর টাকা না পেয়ে হতাশ বৃদ্ধা বুধবার রাতে আলমডাঙ্গা থানায় অজ্ঞাতনামা আসামির বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন।

এরপরই আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মুহাঃ মাসুদুর রহমান পিপিএম এর নির্দেশে এসআই (নিঃ) মোঃ আলমগীর হোসেনের নেতৃত্বে পুলিশের একটি টিম চৌকস অভিযান চালিয়ে মাত্র এক ঘণ্টার মধ্যে আসামিদের গ্রেফতার এবং ২৯ হাজার ৮০ টাকা উদ্ধার করতে সক্ষম হয়।

স্থানীয়রা জানান, ভিক্ষুক জোসনার জীবনের সব সঞ্চয়ই ছিল ওই টাকা। পুলিশের দ্রুত পদক্ষেপে টাকা উদ্ধারের ফলে তিনি স্বস্তি ফিরে পেয়েছেন।

দর্শনায় ইয়াবাসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ১০২ পিস ইয়াবা ট্যাবলেটসহ একজনকে গ্রেফতার করেছে।

জানা যায়, গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা আনোয়ারপুর মসজিদের সামনে পাকা রাস্তার ওপর অভিযান চালানো হয়।

এ সময় দর্শনা থানার এসআই মাসুদুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ওই স্থানে গিয়ে সন্দেহভাজন ব্যক্তির দেহ তল্লাশি করে ১০২ পিস ইয়াবা ট্যাবলেট, একটি কাপড় স্ট্রিপ করার আয়রন মেশিন এবং অন্যান্য সামগ্রীসহ বড় দুধপাতিলা গ্রামের খোরশেদ আলমের ছেলে শিপন ইসলামকে (২৩) গ্রেফতার করে।

গ্রেফতারকৃতের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে এবং গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে পুলিশ।

দর্শনায় ২ কেজি গাঁজাসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে।

জানা যায়, গতকাল রবিবার রাত ৯টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা পৌরসভার রেলকলোনি পাঠানপাড়ায় অভিযান পরিচালনা করা হয়।

এ সময় দর্শনা থানার চৌকস এসআই গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ সুগন্ধা মাঠের পাকা রাস্তার উপর থেকে দর্শনা পাঠানপাড়ার রুস্তম মোল্লার ছেলে গাঁজাব্যবসায়ী টুবেল মোল্লাকে (৩০) গ্রেফতার করে। পুলিশ তার দেহ তল্লাশি চালিয়ে ভারতীয় স্কচটেপ দিয়ে

মোড়ানো ২ কেজি গাঁজা উদ্ধার করে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। গতকাল তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে গণছিনতাই ও পৃথক মামলায় গ্রেফতার-৮

মেহেরপুরের গাংনী-ধানখোলা সড়কে গণছিনতাইয়ের ঘটনায় দায়ের করা মামলায় সন্দেহভাজন ৫ জন এবং অপর একটি ছিনতাই মামলায় যৌথবাহিনীর অভিযানে আরও ৩ জনসহ মোট ৮ জনকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় সেনাবাহিনীর নেতৃত্বে এবং গাংনী থানা পুলিশের একাধিক টিম পৃথক পৃথক অভিযান চালিয়ে এই আটজনকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন—গাংনী উপজেলার মাঠপাড়া এলাকার কামরুজ্জামান শিহাব, সাকিব হোসেন, মুরছালিন, সদর উপজেলার শ্যামপুর গ্রামের মিকাইল হোসেন এবং জাহিদ হোসেন। অপরদিকে গাংনীর তেরাইল গ্রাম থেকে সেনাবাহিনীর নেতৃত্বাধীন যৌথবাহিনীর অভিযানে গ্রেফতার হন রুবেল হোসেন, ফিরোজ হোসেন এবং সোহাগ হোসেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, গ্রেফতারকৃতরা সকলেই গাংনী-ধানখোলা সড়কের গণছিনতাই এবং পৃথক আরেকটি ছিনতাই মামলার সন্দেহভাজন আসামি। তাদেরকে জিজ্ঞাসাবাদ শেষে আদালতে সোপর্দ করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল মঙ্গলবার দিবাগত রাত ৯ টার সময় গাংনী-ধানখোলা রাস্তায় গণছিনতাইয়ের ঘটনা ঘটে। এ ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনী জানিয়েছে, ছিনতাইকারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

মুজিবনগরে ৪ বছরের শিশুকে শ্লীলতাহানির অপরাধে এক ব্যক্তি গ্রেফতার

মুজিবনগরে ৪ বছরের শিশুর উপর যৌন কামনা চরিতার্থ ও তার শ্রীলতাহানির অপরাধে আসান দফাদার (৫৫) নামে এক ব্যক্তি আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল রবিবার বিকেলে অসৎ উদ্দেশ্যে শরীরের বিভিন্ন স্পর্শকাতরস্থানে হাত দিয়ে যৌন কামনা চরিতার্থ ও শ্লীলতাহানির অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলার পরিপ্রেক্ষিতে মুজিবনগর থানা পুলিশ তাকে গ্রেফতার করে।

আসান দফাদার মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামের মৃত নেরু চৌকিদারের ছেলে।

ঘটনার বিবরণীতে জানা যায় রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে ভবেরপাড়া গ্রামের তুহিন (ছদ্দনাম) ৪ বছর বয়সি মেয়ে রিমা (ছদ্দনাম) দোকান থেকে প্যাটিস নিয়ে বাড়ি যাওয়ার সময় আসান দফাদারের দোকানের সামনে পৌঁছালে আসামী শিশু কন্যাকে ফুঁসলিয়ে তার চায়ের দোকানের মধ্য নিয়ে কেউ না থাকার সুযোগে অসৎ উদ্দেশ্যে কোলের উপর বসিয়ে মোবাইলে বিভিন্ন প্রকার অশ্লীল ছবি দেখায় এবং শরীরের বিভিন্ন স্পর্শকাতরস্থানে হাত দিয়ে যৌন কামনা চরিতার্থ ও শ্রীলতাহানি করে। এ সময় বাচ্চা শিশুটির পিতা আসামির দোকানের সামনে দিয়ে বাড়ি যাওয়ার সময় শিশুটির পিতা শিশুটিকে কান্নারত অবস্থায় দোকানে দেখতে পাই এ সময় শিশুটি তার পিতাকে দেখতে পেয়ে কান্না করতে থাকলে আসামি মেয়েটিকে ছেড়ে দেয় এ সময় মেয়েটি কান্না করতে করতে তার পিতার নিকট আসে এ সময় আসামি আসান দফাদার দৌড়ে পালিয়ে যায়।

এ সময় শিশুটি তার পিতাসহ আশেপাশের লোকজনের সামনে তার সাথে ঘটা ঘটনার বিষয়টি বলে। ঘটনা শুনে শিশুটির পিতা মুজিবনগর থানায় উপস্থিত হয়ে আসামি আসান দফাদারের নামে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করে।

থানা পুলিশ অভিযান চালিয়ে আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়। আসামি বর্তমানে মুজিবনগর থানা পুলিশ হেফাজতে আছে।

ঘটনার সত্যতা স্বীকার করে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ(তদন্ত) জাকির হোসেন বলেন, মুজিবনগর থানায় আসামির বিরুদ্ধে ২০০০ সালের ১০ ধারায় নারি ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের হয়েছে। আসামিকে গ্রেপ্তার করা হয়েছে এবং বর্তমানে আসামি পুলিশ হেফাজতে আছে। আইন অনুযায়ী সমস্ত কার্যক্রম শেষে তাকে আদালতে সোপর্দ করা হবে।

মেহেরপুরের আলোচিত ছুরিকাঘাত মামলার প্রধান আসামি গ্রেফতার

মেহেরপুরের আলোচিত ছুরিকাঘাত মামলার প্রধান আসামি মিয়ারুল ইসলামকে (২৪) গ্রেফতার করেছে পুলিশ।

জানা গেছে, গত ২৩ জুলাই রাত আনুমানিক ১১টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের প্রধান গেটসংলগ্ন সড়কে পারিবারিক পূর্ব শত্রুতার জেরে মিয়ারুল ইসলাম ভিকটিম হাসিবুর রহমান সাগরকে লক্ষ্য করে গলায়, বুকে ও হাতে ধারালো ছুরি দিয়ে এলোপাতাড়ি আঘাত করে। এতে ভিকটিম রক্তাক্ত জখম হয়ে গুরুতর আহত হন।

ঘটনার তিন দিন পর, গত ২৬ জুলাই সদর থানায় একটি মামলা দায়ের করা হয়।

মামলার প্রেক্ষিতে ২৭ জুলাই মেহেরপুর সদর থানা পুলিশ প্রধান আসামি মিয়ারুল ইসলামকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করে।

এ বিষয়ে মামলার তদন্ত কর্মকর্তা জানিয়েছেন, ঘটনাটি অত্যন্ত গুরুত্বসহকারে তদন্ত করে দ্রুতই অপরাধীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

মেহেরপুরে আওয়ামী লীগ নেতাসহ গ্রেফতার ৫

মেহেরপুরে ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারিসহ ৫ জনকে গ্রেফতার করেছে জেলা পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত থেকে আজ বুধবার ভোর পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারি ও সাবেক মেম্বার জেনারুল ইসলামের ছেলে মোঃ আরজ আলী (৪৫), গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের মৃত আখের আলীর ছেলে মোঃ মিন্নাল, রাজাপুর গ্রামের কামাল হোসেনের স্ত্রী মোছাঃ ভলিআর (৪৪), কোদালকাটি গ্রামের ছামিরুলের স্ত্রী মিনারা এবং ভারত থেকে আসা আশরাফুলের স্ত্রী রেখা (৩০)।

গ্রেফতারকৃতদের বুধবার সকালে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধে জড়িতদের গ্রেফতারে বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।